



এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি)

SDS (Shariatpur Development Society)

নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং-শরীয়তপুর/এসডিএস/এইচআর/২৭৬৭(০২)/২০২৩ইং

তারিখঃ ১১/০৫/২০২৩ইং

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাইক্রোফ্রিড রেগুলেটরি অথরিটি (এমআরএ) কর্তৃক সনদপ্রাপ্ত বেসরকারী উন্নয়ন সংস্থা এসডিএস (শরীয়তপুর ডেভেলপমেন্ট সোসাইটি) পল্টী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর অর্থায়নে পরিচালিত মাইক্রোফিন্যান্স কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নিম্ন বর্ণিত পদে আগ্রহী এবং যোগ্য প্রার্থীদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

সংস্থার কর্মএলাকা : শরীয়তপুর, মাদারীপুর, বরিশাল, গোপালগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, চাঁদপুর, মুন্সীগঞ্জ, ঢাকা এবং লক্ষ্মীপুর।
এমআরএ সনদ নং : ০৩০৭৪-০৪৬১৬-০০২২৯

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক বেতন | বয়স | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---------|-----------------|-------------|---|-----------------|---|
| ০১ | শাখা ব্যবস্থাপক | ১০ | প্রাথমিক বেতনভাতা ২৬,০০০/- (শিক্ষানবিশ) টাকা নিয়মিতকরণের পর সর্বসাকুল্যে ২৮,৫০০/- টাকা মাসিক বেতন ভাতা প্রদান করা হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের বেতন ও শিক্ষানবিশকাল আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা যেতে পারে। | সর্বোচ্চ ৪০ বছর | যে কোন বিষয়ে স্নাতক বা স্নাতকোত্তর। পল্টী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের অর্থায়নে পরিচালিত সহযোগী সংস্থায় মাইক্রোফিন্যান্স কার্যক্রমে নূন্যতম ০৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটারে (M.S Word, Excel, Internet & MIS) দক্ষ প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। প্রার্থীকে অবশ্যই মটর সাইকেল চালনায় পারদর্শীসহ বৈধ লাইসেন্স থাকতে হবে। |
| ০২ | মাঠ সংগঠক | ৫০ | প্রাথমিক বেতনভাতা ১৭,০০০ টাকা (শিক্ষানবিশ) নিয়মিতকরণের পর সর্বসাকুল্যে ২১,৬০০/- টাকা মাসিক বেতনভাতা প্রদান করা হবে। তবে অভিজ্ঞ প্রার্থীদের বেতন ও শিক্ষানবিশকাল আলোচনা সাপেক্ষে নির্ধারণ করা যেতে পারে। | সর্বোচ্চ ৩৫ বছর | কমপক্ষে স্নাতক পাশ হতে হবে। |

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীদের সংস্থার নির্বাহী পরিচালক বরাবরে আবেদন করতে হবে। প্রার্থীদের আবেদনপত্রে নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর, জন্মতারিখ, জাতীয় পরিচয়পত্র নম্বর, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করতে হবে। প্রার্থীকে আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।
- দরখাস্তের সাথে ২(দুই) কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত অনুলিপি, নাগরিকত্ব সনদপত্র, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র সমূহ সংযুক্ত করতে হবে।
- নারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
- সকল ক্ষেত্রে চাকুরী বদলীযোগ্য। চাকুরী প্রার্থীর প্রত্যন্ত গ্রামাঞ্চলে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- আবেদনপত্র বাছাই সাপেক্ষে যোগ্য প্রার্থীদের মোবাইল ফোনে লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ জানানো হবে।
- নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। পদের সংখ্যা এবং বেতনভাতা বাড়ানো বা কমানোর ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সনদপত্রের মূলকপি সাথে আনতে হবে।
- আগামী ২৮/০৫/২০২৩ইং তারিখের মধ্যে আবেদনপত্র ই-মেইলে : hr@sdsbd.org অথবা ডাকযোগে অথবা সরাসরি সংস্থার প্রধান কার্যালয়, সদর রোড, শরীয়তপুর (মানব সম্পদ বিভাগ) বরাবরে জমা দিতে হবে।

অন্যান্য সুযোগ সুবিধা :

- চাকুরী নিয়মিত হলে নিয়মিত বেতন কাঠামো, বার্ষিক ইনক্রিমেন্ট, প্রভিডেন্ট ফান্ড, কর্মী কল্যান তহবিল, গ্রাটুইটি, ২টি উৎসব ভাতা, বাংলা নববর্ষ উদযাপন ভাতা, বীমাসুবিধা ও সংস্থার অন্যান্য সুবিধা প্রদান করা হবে।
- সংস্থার মটরযান নীতিমালা অনুযায়ী যাতায়াত/জ্বালানী ও রক্ষনাবেক্ষন খরচ প্রদান করা হবে।

প্রয়োজনে যোগাযোগ : ০২৪৭৮৮১৫৪০৫, ০২৪৭৮৮১৫৪০৬ এবং ০১৩২৫০৬০২০৩ নাম্বারে যোগাযোগ করতে বলা হলো। (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে রবিবার থেকে বৃহস্পতিবার পর্যন্ত)

উপ-পরিচালক
মানব সম্পদ বিভাগ